

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(২০২৬ ইং সনের ৪১ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ গঠন করা হইলঃ

১.

বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর
এবং
বিচারপতি রেজাউল করিম

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য অগ্রাধিকার ভিত্তিতে **মামলার সন ও নম্বরের ধারাবাহিকতা অনুসরণ করিয়া মৃত্যুদণ্ডদেশ কনফারমেশনের রেফারেন্স** এবং একই রায় হইতে উদ্ভূত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভূত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র; ফৌজদারী বিবিধ যদি থাকে এবং উপরোল্লিখিত বিষয়াদিসংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

স্বাঃ/-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

প্রচারের জন্যঃ

১. বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর
২. বিচারপতি রেজাউল করিম